

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ০৯/১২/২০২৫ খ্রি.

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের স্নাতক (পাস ও অনার্স) ১ম বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের ভর্তি সহায়তা
প্রদানের জন্য অনলাইন আবেদন দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক স্নাতক (পাস ও অনার্স) ১ম বর্ষে নিয়মিতভাবে ভর্তিকৃত/অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০ অনুসরণপূর্বক ২০২৫-২০২৬ অর্থবছরে এককালীন ভর্তি সহায়তা প্রদান করা হবে। উক্ত সহায়তা প্রাপ্তির লক্ষ্যে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের স্নাতক (পাস ও অনার্স) ১ম বর্ষে নিয়মিতভাবে ভর্তিকৃত/অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে আগামী ৩০/১২/২০২৫ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে আবেদন করতে হবে।

শর্তাবলী:

যোগ্যতা: শিক্ষার্থী নিয়মিত হিসেবে অধ্যয়নরত হতে হবে (পুনঃভর্তি/অনিয়মিত/প্রাইভেট হিসেবে আবেদনযোগ্য নহে)।

আবেদন দাখিলের নিয়ম: শিক্ষার্থীকে প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে (যদি একাউন্ট না থাকে)।

<http://www.eservice.pmeat.gov.bd/admission> লিংকে প্রবেশ করে আবেদন করতে হবে। তারপর www.pmeat.gov.bd ভর্তি সহায়তা সেবা বক্সে আপলোডকৃত নির্ধারিত প্রত্যয়ন ফরম ডাউনলোড ও প্রিন্ট করে প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের নিকট থেকে সুপারিশ গ্রহণ পূর্বক অনলাইনে আবেদনের সময় আপলোড করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১কপি।
- ২। শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদ (১৭ ডিজিট বিশিষ্ট)
- ৩। অভিভাবকের জাতীয় পরিচয়পত্র (এনআইডি)।
- ৪। মেধাবী অর্থে: সর্বশেষ পরীক্ষার নম্বরপত্র (শতকরা ন্যূনতম ৬০ ভাগ নম্বরপ্রাপ্ত হতে হবে)।
- ৫। দরিদ্র অর্থে: অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীর ক্ষেত্রে- পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার কম মর্মে ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত “প্রত্যয়নপত্র”।
- ৬। দরিদ্র অর্থে: জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৩-২০ গ্রেডভূক্ত কর্মচারী সন্তানদের ক্ষেত্রে- পিতা/মাতার অফিস প্রধান কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত “ভর্তি সহায়তার জন্য প্রত্যয়নপত্র”।
- ৭। প্রতিবন্ধী, এতিম, ভূমিহীন পরিবারের সন্তান, নদী ভাঙ্গন পরিবারের সন্তান, মুক্তিযোদ্ধা সন্তান/সন্তানের সন্তান শিক্ষার্থীর ক্ষেত্রে- অগ্রাধিকার প্রাপ্তি স্বপক্ষে প্রমাণপত্র।
- ৮। শিক্ষার্থীর মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস হিসেবে সচল যেকোনো একাউন্ট নম্বর এন্ট্রি দিতে হবে।
- ৯। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।


(প্রফেসর মোহাম্মদ নাসিমুল হক)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। ডট্টা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৪। সংরক্ষণ নথি।